



স্বাধীনতা দিবসে স্মৃতিসৌধে রাষ্ট্রপতি-প্রধানমন্ত্রীর শ্রদ্ধা



সংগৃহীত ছবি

মহান স্বাধীনতা দিবস উপলক্ষে ২৬ মার্চ সকালে জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানান রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এবং প্রধানমন্ত্রী তারেক রহমান।

বিউগলের করণ সুরে আনুষ্ঠানিকতা শুরু হলে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে শহিদদের স্মরণ করেন তারা। প্রথমে রাষ্ট্রপতি শ্রদ্ধা নিবেদন করেন। পরে মন্ত্রিসভার সদস্যদের সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী ফুলেল শ্রদ্ধা জানান।

এরপর স্মৃতিসৌধের পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী এবং উপস্থিত বিদেশি কূটনীতিকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন।

এদিকে প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতিরা শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। পর্যায়ক্রমে তিন বাহিনীর প্রধান, বীর মুক্তিযোদ্ধা, তাদের স্বজন এবং জুলাই আন্দোলনে হতাহতদের পরিবারের সদস্যরাও শ্রদ্ধা নিবেদন করেন।

এছাড়া বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক সংগঠন এবং বিদেশি প্রতিনিধিরাও পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শহিদদের স্মরণ করেন।